# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডক্যুমেন্টটি বাংলায় দেখুন / 查看本文件的中文版 /
Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
Перевод документа на русский язык / یہ دستاویز اردو میں ملاحظہ کریں /
schools.nyc.gov/messagesforfamilies

## 30 মে, 2022-এর সপ্তাহ

এই পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য নব্য প্রকাশিত 2022-23 শিক্ষা বছরের ক্যালেন্ডার, বিনামূল্যে সামারে খাবার, এবং নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের (NYCSA) মাধ্যমে আপনার সন্তানের তথ্য হালনাগাদকরণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

## বিষয়সূচি:


- 2022- 23 শিক্ষা বছরের ক্যালেন্ডার
- সামার মিলস (গ্রীষ্মকালে প্রদানকৃত খাবার)
  - পরিষেবার তারিখ এবং সময়সমূহ
  - মেন্যুসমূহ
  - স্থান অনুসন্ধান
- নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট
  - কীভাবে সাইন আপ করা যাবে
  - আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন


## 2022-23 শিক্ষা বছরের ক্যালেন্ডার

শিক্ষার্থীদের জন্য 2022-23 শিক্ষা বছর শুরু হবে 8 সেপ্টেম্বর, 2022 তারিখ থেকে। আপনি বিভিন্ন ভাষায় 2022-23 শিক্ষা বছরের পূর্ণ ক্যালেন্ডারের প্রিন্টযোগ্য ফাইলসমূহ schools.nyc.gov/calendar সাইট থেকে ডাউনলোড করে দেখতে পারেন। আসন্ন শিক্ষা বছরের কিছু গুরুত্বপূর্ণ তথ্য এখানে দেয়া হলো:

- 3 নভেম্বর, ইলেকশন ডে-তে (নির্বাচন দিবসে) শিক্ষার্থীরা স্কুলেও আসবে **না** এবং সেদিন দূর থেকে শিক্ষায়ও (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে **না**।
- "স্নো ডে" (তুষার দিবস)-গুলোতে — অথবা জরুরি কারণে যে দিনগুলোতে স্কুল বিল্ডিং বন্ধ থাকে, সেই দিনগুলোর জন্য সকল শিক্ষার্থী ও পরিবারের দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণের জন্য পরিকল্পনা করতে হবে।

এই বছরের স্কুল ক্যালেন্ডার সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

# সামার মিলস (গ্রীষ্মকালে প্রদানকৃত খাবার)

28 জুন থেকে শুরু করে, যেকোন 18 বছর এবং তার কম বয়সী ছেলেমেয়ে নিউ ইয়র্ক সিটিব্যাপী বিভিন্ন স্থানে এই বছরের সামার মিলস্ প্রোগ্রামের মাধ্যমে বিনামূল্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ পাবে। নির্দিষ্ট পাবলিক স্কুল, কমিউনিটি পুল সেন্টার, পার্ক, এবং ফুড ট্রাকে এই পরিষেবা খোলা থাকবে। এইসব বিনামূল্যের খাবার পেতে ছেলেমেয়েদেরকে কোনও রেজিস্ট্রেশন, কাগজপত্র, অথবা ID দেখাতে হবে না।

### পরিষেবার তারিখ এবং সময়সমূহ

বিনামূল্যের খাবার প্রতিদিন লভ্য থাকবে, এতে সপ্তাহান্তও অন্তর্ভুক্ত, মঙ্গলবার, 28 জুন থেকে শুরু হবে এবং শুক্রবার, 2 সেপ্টেম্বর পর্যন্ত চলবে; শুধু সোমবার, 4 জুলাই পরিষেবা বন্ধ থাকবে। নির্দিষ্ট পাবলিক স্কুলগুলি ব্রেকফাস্ট দেবে সকাল 8:00 থেকে সকাল 9:15 পর্যন্ত, এবং লাঞ্চ দেয়া হবে সকাল 11:00 a.m. থেকে দুপুর 1:15 p.m. পর্যন্ত।

### মেন্যুসমূহ

সকল খাবারে সর্বোচ্চ পুষ্টি মান বজায় রাখা হয়, যা U.S. ডিপার্টমেন্ট অভ এগ্রিকালচারের মান পূরণ অথবা সেটি অতিক্রম করে। খাবারগুলিতে কোনও ধরনের মিশ্রণ যোগ করা হয় না যেমন কৃত্রিম রঙ, ঘ্রাণ, অথবা সংরক্ষণকারী দ্রব্য। আমরা ছেলেমেয়েদের উপভোগের জন্য বিভিন্ন ধরনের তাজা ফলমুল, পূর্ণ শস্যজাত খাবার, শাক-সব্জী, এবং সালাদ অফার করি।

### স্থান অনুসন্ধান

শিক্ষা বছর শেষ হবার আগে, আপনার সন্তানের স্কুল আপনার স্কুল কমিউনিটির পরিবারদের একটি চিঠি পাঠাবে যেখানে তিনটি সামারে খাবার বিতরণের স্থান উল্লেখ করা থাকবে, যেগুলি স্কুলের সবচেয়ে কাছে।

আপনি schools.nyc.gov/summermeals সাইটে বিনামূল্যে প্রদত্ত সামারের খাবারের সাইটগুলো খুঁজে পেতে পারেন। অথবা আপনি সামার খাবারের স্থানগুলি সম্পর্কে জানতে 304-304 নম্বরে (নিয়মিত টেক্সট ম্যাসেজের খরচ চার্জ প্রযোজ্য হতে পারে) "NYC Food" লিখে টেক্সট করতে পারেন।

# নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট

আপনি যদি ইতোমধ্যে নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) না খুলে থাকেন, তাহলে এখনই সাইন আপ করার চমৎকার সময় এবং আপনার সন্তানের স্কুল বছর শেষের বিভিন্ন কর্মকাণ্ড এবং 2022-23 শিক্ষা বছর শুরু সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য শেয়ার করতে আপনার সাথে যোগাযোগ করতে পারে তা নিশ্চিত করুন।

আপনার সন্তানের স্কুলের সাথে সংযোগ রক্ষার জন্য NYCSA একটি সহজ উপায়, যা আপনার সন্তানের গ্রেড, সময়সূচি, টেস্টের স্কোর, উপস্থিতি, ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) সম্পর্কিত তথ্য, বাসের সময়, এবং আরও অনেক কিছুর খবরাখবর রাখার সুযোগ প্রদান করে। NYSCA আপনাকে অনলাইনে জরুরি স্কুল ফর্ম জমাদান এবং NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন থেকে গুরুত্বপূর্ণ ঘোষণা জানার সুযোগও প্রদান করে, এর মধ্যে আছে আপনার ডিস্ট্রিক্ট অথবা সিটিব্যাপী ঘটিত বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ।

আপনার সন্তানের শিক্ষায় আপনি একজন অ্যাডভোকেট (পক্ষাবলম্বন) হতে আপনাকে ক্ষমতায়নে সহায়তা করতে NYCSA এখন প্যারেন্ট ইউনিভার্সিটি অন্তর্ভুক্ত করেছে, যা বিনামূল্যে প্রদত্ত বিভিন্ন কোর্স, অনুষ্ঠান এবং কর্মকাণ্ড পরিপূর্ণ একটি রিসোর্স বা সংস্থান কেন্দ্র। এছাড়া, আপনি NYCSA ব্যবহার করে আসন্ন নির্বাচনে বিভিন্ন প্রার্থীকে ভোট দিতে সক্ষম হবেন যারা স্থানীয় এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলসমূহে আপনার কমিউনিটির প্রতিনিধিত্ব করবে।

## কীভাবে সাইন আপ করা যাবে

শুধুমাত্র আপনার নাম ও যোগাযোগের তথ্য ব্যবহার করে আপনি একটি অ্যাকাউন্টের জন্য আজই সাইন আপ করতে পারেন, এবং এরপর আপনার স্কুলের সাথে যোগাযোগ করে আপনার সন্তানের রেকর্ডের সাথে অ্যাকাউন্টটি সংযুক্ত করুন। আরও জানতে schools.nyc.gov/nycsa সাইট দেখুন এবং এখনই schoolsaccount.nyc সাইটে সাইন আপ করুন।

## আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন

আপনি যখন আপনার NYCSA অ্যাকাউন্টে সাইন আপ করেন, আপনি একটি পপ-আপ ম্যাসেজ দেখবেন যা আপনাকে আপনার জরুরি যোগাযোগের তথ্য হালনাগাদ করার ব্যাপারটি মনে করিয়ে দেবে। আপনি **Update Now** (আপডেট নাও)-এ ক্লিক করে সরাসরি ইমার্জেন্সি কনট্যাক্ট (জরুরি পরিস্থিতিতে যোগাযোগ) পেজে যেতে পারেন। আপনার তথ্য পর্যালোচনা এবং নিশ্চিত করার পর, পেজের উপরে "Verified" (ভেরিফাইড) বেছে নিন। আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টে ইইমার্জেন্সি কনট্যাক্ট (জরুরি পরিস্থিতিতে যোগাযোগ) পেজ ব্যবহার করে, আপনি আপনার বাড়ি, সেল ফোন, এবং কর্মস্থলের ফোন নম্বর হালনাগাদ করার পাশাপাশি ইমেইল ঠিকানাও হালনাগাদ করতে পারেন। আপনার প্রাধান্যদানকারী লিখিত ও মৌখিক ভাষা হালনাগাদ করার সুযোগও আপনার আছে।

এছাড়া, আপনার সন্তানের স্কুলের সাথে শেয়ার করার জন্য আপনার সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যও হালনাগাদ করতে পারবেন। এতে অন্তর্ভুক্ত আপনার সন্তানের ডাক্তারের নাম ও ফোন নম্বর, যেকোনো নির্ণিত অসুস্থতা, অ্যালার্জি, শারীরিক কর্মকাণ্ড সীমিত করে এধরনের কোনও স্বাস্থ্যগত সমস্যা বা সীমাবদ্ধতা, এবং স্বাস্থ্য বিমা তথা হেলথ ইনসুরেন্সের স্ট্যাটাস।